DL/61 *Postal Registered No. SSRM/KOL. RMS/WB/RNP-042/2009-11*
*For circulation to Subscribers only* *Price : Rs. 2*

# ব্রাহ্ম সম্মিলন বার্তা

## ব্রাহ্ম সম্মিলন সমাজ

১-এ, ডাঃ রাজেন্দ্র রোড, কলকাতা-৭০০ ০২০
**Brahmo Sammilan Barta ❑ Brahmo Sammilan Samaj**

ষোড়শ বর্ষ ঃ দশম সংখ্যা  জানুয়ারী ২০১১  পৌষ - মাঘ ১৪১৭

নববর্ষ ২০১১ এবং
১৮১ তম মাঘোৎসব ১৪১৭
আপনার জীবনে নিয়ে আসুক
আনন্দ, প্রীতি, সুখ ও শান্তি।
ব্রাহ্ম সম্মিলন সমাজ

—ঃ সূচীপত্র ঃ—

এ মাসের নিবেদন ঃ
যুগান্তকারী রামমোহন — ১
স্মরণিকা — ২
সাপ্তাহিক উপাসনা ও স্মরণ — ২
বিশেষ অনুষ্ঠান — ২
২০১১ ফেব্রুয়ারী মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী — ২
১৮১তম মাঘোৎসবের আহ্বান — ৩
১৮১তম মাঘোৎসব ২০১১ ঃ কার্যসূচী — ৪
১৮১তম মাঘোৎসব ঃ বিশেষ জ্ঞাতব্য — ৬

সমাজ কার্যালয়ে যোগাযোগের সময় ঃ
প্রতিদিন সন্ধ্যা ৬-৩০টা থেকে ৮-৩০টা
Telephone No. (033)6450-0915

### এ মাসের নিবেদন
### যুগান্তকারী রামমোহন

রামমোহনের বাল্যকালে প্রচলিত ছিল অসংখ্য দেবদেবীর পৌত্তলিক পূজা যা অশিক্ষিত মানব মনে নানা বিভ্রান্তি ভীতি ও কুসংস্কার সৃষ্টি করেছিল। এর মূলে ছিল কিছু স্বার্থান্বেষী সমাজপতি তাঁদের লোভ ও ক্ষমতা চরিতার্থ করবার প্রয়াস রামমোহন বাল্যকালেই সমাজে এর কুফল উপলব্ধি করেন এবং পৌত্তলিকতার বিরুদ্ধে স্বাধীন মতামত প্রকাশ করা শুরু করেন। সর্বধর্মের প্রতি শ্রদ্ধাশীল রামমোহনের মনে দৃঢ় চেতনা জাগ্রত হয় যে সর্বমানবের ঈশ্বর, এক এবং অদ্বিতীয়, তিনি সর্ব নিয়ন্তা, তিনি সর্বত্র বিদ্যমান এবং তাই তিনি নিরাকার। সর্বধর্মের মধ্যে মৈত্রী, সৌহার্দ্য ও ভাবের আদান প্রদানই ছিল তাঁর কাম্য। এই ঐক্য দৃষ্টিই রামমোহনের বিশেষত্ব। ধর্ম বিরোধ দূর করিতে তিনি তুলনামূলক ধর্মের প্রথম প্রবর্তন করেন। জগতে রাজনৈতিক বিরোধ দূর করিতে তিনি বিশ্বরাষ্ট্রের কল্পনা করেছিলেন, তাহা লিগ অফ নেসানস্ এর কতকাল পূর্বে। ভারতে সম্প্রদায় বিরোধ দূর করবার জন্য তিনি সর্বশাস্ত্রর পূর্বতন উপনিষদের আলোচনা ও সর্বপ্রতিম সমন্বয়ের জন্য অপ্রতিম নিরাকারের উপাসনা প্রচার করেন।

সকল ধর্মের ও সাধকদের প্রতি এবং সেই সঙ্গে নিজেদের জ্ঞান ভান্ডারের প্রতি তাঁর গভীর শ্রদ্ধা ছিল। তাঁহার পূর্বে বাংলাদেশে উপনিষদ, বেদান্ত, মহানির্বাণতন্ত্র প্রভৃতির কথা খুবই স্বল্পসংখ্যক মানুষ অবগত ছিলেন। এই সকল ধর্ম-গ্রন্থের সরল বাংলা ও হিন্দি ভাষায় অনুবাদ এবং সর্বসাধারণের সম্মুখে উপস্থাপনা নিঃসন্দেহে যুগান্তকারী। গীতার প্রতিও রাজার অসীম শ্রদ্ধা ছিল এবং তাই তিনি গীতা-মাহাত্ম বোঝাতে এক গ্রন্থই রচনা করেছিলেন।

তাঁর প্রবর্তিত ব্রহ্মোপাসনা পদ্ধতিতে উপনিষদাদি গ্রন্থের ব্রহ্মমন্ত্রগুলিই তাহার ভিত্তি। ব্রহ্মসঙ্গীত ও কীর্ত্তনের সহযোগে তিনি নারী-পুরুষের একত্র

উপাসনার সামাজিক রীতির প্রবর্ত্তন করেন। প্রাচীন মন্ত্রপাঠ ও ব্যাখ্যান তার বিশেষত্ব ছিল। তাহাতে জাতি-পংক্তির ভেদ মানা হত না। অনন্ত ঈশ্বরের এই উপাসনা প্রণালী অত্যন্ত ভারতীয় ছিল। (ক্রমশঃ) — শ্রীপ্রণব রায়

রাজা রামমোহন রায়ের ২৩৮ তম জন্মজয়ন্তী উপলক্ষে প্রদত্ত শ্রদ্ধাঞ্জলি (২২/০৫/২০১০)

## —ঃ স্মরণিকা ঃ—

### মরণ সাগর পারে তোমরা অমর তোমাদের স্মরি

১লা জানুয়ারী (১৮৯৪) — বিজ্ঞানী আচার্য সত্যেন্দ্রনাথ বসুর ১১৭তম জন্মদিবস।
১লা জানুয়ারী (১৯৭৪) — আচার্য সুধীরচন্দ্র চট্টোপাধ্যায়ের ৩৭তম তিরোধান দিবস।
৮ই জানুয়ারী (১৮৮৪) — ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেনের ১২৭তম তিরোধান দিবস।
১২ই জানুয়ারী (১৮৬২) — স্বামী বিবেকানন্দের ১৪৯তম জন্মদিবস।
২৩শে জানুয়ারী (১৮৯৭) — নেতাজী সুভাষচন্দ্র বসুর ১১৪তম জন্মদিবস।
৩০শে জানুয়ারী (১৯৪৮) — মহাত্মা গান্ধীর ৬৩তম তিরোধান দিবস।
৩১শে জানুয়ারী (১৮৪৭) — পণ্ডিত শিবনাথ শাস্ত্রীর ১৬৪তম জন্মদিবস।

## —ঃ ২০১১ জানুয়ারী মাসের সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ—

রবিবার ২রা জানুয়ারী, ২০১১ — আচার্য - শ্রীরাজকুমার বর্মণ
সন্ধ্যা ৬-৩০ টা স্মরণ - আচার্য সুধীর চন্দ্র চট্টোপাধ্যায়
সঙ্গীত - শ্রীমতী মানসী চ্যাটার্জী

রবিবার ৯ই জানুয়ারী, ২০১১ — আচার্য - শ্রীসঞ্জীব মুখার্জী
সন্ধ্যা ৬-৩০ টা সঙ্গীত - ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী

রবিবার ১৬ই জানুয়ারী, ২০১১ — আচার্য - ডঃ দেবাশীষ সেন
সন্ধ্যা ৬-৩০ টা সঙ্গীত - শ্রীমতী উদিতা রায়

### —ঃ বিশেষ অনুষ্ঠান ঃ—

শনিবার ১৫ই জানুয়ারী, ২০১১ — ভবানীপুর দাতব্য চিকিৎসালয়ের ৭০তম সাম্বৎসরিক উৎসব
সন্ধ্যা ৬-৩০টা আচার্য - ডাঃ শুচিতা দেব
সঙ্গীত - শ্রীমতী রুবী মজুমদার

বক্তৃতা সভা — বিষয় - হোমিওপ্যাথিক চিকিৎসা
সভাপতি - ডাঃ অরুণ কুমার মিত্র
বক্তা - ডাঃ রথীন চক্রবর্ত্তী

## —ঃ ২০১১ ফেব্রুয়ারী মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী ঃ—

রবিবার ৬ই ফেব্রুয়ারী ২০১১ — আচার্য - শ্রী অরুণ রায়
সন্ধ্যা ৬-৩০ টা সঙ্গীত - শ্রীমতী মানসী চ্যাটার্জী

রবিবার ১৩ই ফেব্রুয়ারী ২০১১ — আচার্য - শ্রীসিদ্ধার্থ ব্রহ্মচারী
সন্ধ্যা ৬-৩০ টা সঙ্গীত - ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই

## —ঃ ব্রাহ্ম সম্মিলন সমাজ ঃ—

১-এ ডাঃ রাজেন্দ্র রোড, ভবানীপুর, কলকাতা - ৭০০ ০২০
১৮১ তম মাঘোৎসব ১৪১৭ (২০১১)

।। মাঘোৎসবের আহ্বান ।।

"উৎসব-মন্দিরে আজ, বিশ্বপতি ধর্মরাজ
করেন বিরাজ, রাজসিংহাসনে—
মরি কী সুন্দর শোভা, পুণ্যময়ের পুণ্যপ্রভা,
কৃতার্থ হইল প্রাণ দরশনে।"

— ত্রৈলোক্যনাথ সান্যাল

প্রিয় ভ্রাতা/ভগিনী,

বৎসরান্তে আবার আহ্বান এসেছে উৎসবাধিপতির দরবারে ভ্রাতাভগ্নী সকলে মিলে আনন্দযজ্ঞে সামিল হবার জন্য। সারাটি বছর ধরে কত সুখে-অসুখে পথে-বিপথে ঘুরে বেড়িয়েছি আমরা। আজ আকুলিত ভক্ত হৃদয়গুলি কণ্ঠ ভরে তাঁর নামগান গাইবার জন্য উৎসুক হয়ে উঠেছে। আমাদের মোহে অচেতন তমসাবৃত প্রাণগুলিতে সেই পুরানো মধুর বাণী বেজে উঠেছে — তাই ভ্রাতা ভগ্নী, বন্ধুজনে মিলে ছুটে এসেছি সেই দয়ালনামখানিকে সম্বল করে প্রেমানন্দরসধারায় অবগাহন করার জন্য। কিন্তু দেবতাকে নিবেদন করার মত কিছুই তো নেই আমাদের! তাই রিক্ত চিত্তগুলিকে, সাধন ভজনহীন জীবনগুলিকেই তাঁর চরণে ভক্তি উপহাররূপে সাজিয়ে দেবো। দেবতার আশীর্বাদ লাভ ক'রে আমাদের মৃতপ্রায় জীবনগুলি নূতন করে জেগে উঠুক - অমৃতরসধারায় অবগাহন করুক। এই হোক আমাদের উৎসবের মূল মন্ত্র।

"মুখরিয়া দিক চলিবে পথিক অমৃতসভার যাত্রী,
গগনে ধ্বনিবে 'নাথ, নাথ, বন্ধু বন্ধু বন্ধু" ।।

বিনীত,

চন্দ্রা বসু — রীতা বিশ্বাস
শ্যামলী দাসগুপ্ত — ব্রততী বসু
মিতালী গাঙ্গুলী — মমতা দাসগুপ্ত
শ্রীলতা গুপ্ত — অঞ্জলি সেন
প্রদীপ্ত রায়
যুগ্ম-সম্পাদকবর্গ
১৮১ তম মাঘোৎসব কমিটি, ২০১১

সঞ্জীব মুখার্জি, স্থায়ী আচার্য
সুনন্দা দাস, সভাপতি
প্রসূন গাঙ্গুলী , সম্পাদক
সন্দীপ কুমার বসু, কোষাধ্যক্ষ
ব্রাহ্ম সম্মিলন সমাজ
১লা ডিসেম্বর ২০১০

# ব্রাহ্ম সম্মিলন সমাজ

**ভবানীপুর**

**১৮১ তম মাঘোৎসবঃ ১৪১৭ (২০১১)**

**।। কার্যসূচী ।।**

২রা মাঘ, সোমবারঃ ১৭ই জানুয়ারী, ২০১১

।। মাঘোৎসব উদ্বোধন ।।

।। রাজর্ষি রামমোহন ও পূর্বাচার্য স্মরণ।।

সন্ধ্যা ৬-৩০ টাঃ ঃ **ব্রহ্মোপাসনা**
আচার্য ঃ ডঃ অমিতাভ খাস্তগীর
সঙ্গীত ঃ শ্রীমতী কৌশিকী বন্দ্যোপাধ্যায়
শ্রীমতী কস্তুরী চক্রবর্ত্তী,
শ্রীমতী ইন্দ্রানী রায়,
শ্রী অরুণ ভট্টাচার্য
শ্রী উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়

৪ঠা মাঘ, বুধবার ঃ ১৯শে জানুয়ারী, ২০১১
**আচার্য প্রফুল্ল চন্দ্র রায় ও ডঃ নীলরতন সরকারের ১৫০ তম জন্মবর্ষ উপলক্ষে**

সন্ধ্যা ৬-৩০ টা ঃ **শ্রদ্ধায় স্মরণ**
প্রার্থনা ঃ শ্রীমতী সুতপা রায়চৌধুরী
সঙ্গীত ঃ শ্রীমতী ঈশিতা বন্দ্যোপাধ্যায়
শ্রী উজ্জ্বল বন্দোপাধ্যায়
সভাপতি ঃ ডাঃ অরুণ কুমার মিত্র
স্মরণ ঃ বক্তা
আচার্য প্রফুল্লচন্দ্র রায় ঃ ডঃ চিত্তব্রত পালিত
ডঃ নীলরতন সরকার ঃ শ্রীমানবেন্দ্র নস্কর

৫ই মাঘ, বৃহস্পতিবার ঃ ২০শে জানুয়ারী, ২০১১
অপরাহ্ন ৪-৩০ টাঃ **নৈশ বিদ্যালয়ের বাৎসরিক উৎসব ও পারিতোষিক বিতরণ**
প্রার্থনা ও সঙ্গীত ঃ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীবৃন্দ
সভানেত্রী ঃ শ্রীমতী রুমা পাল,
প্রাক্তন বিচারপতি (সুপ্রীম কোর্ট)
বিচিত্রানুষ্ঠান ঃ বিদ্যালয়ের ছাত্রছাত্রীবৃন্দ

৬ই মাঘ, শুক্রবার ঃ ২১শে জানুয়ারী, ২০১১

।। মহর্ষি দিবস।।

সন্ধ্যা ৬-৩০ টা ঃ **শ্রদ্ধাঞ্জলি**
প্রার্থনা ও শ্রদ্ধাঞ্জলি ঃ ডঃ মধুশ্রী ঘোষ

**সঙ্গীত**

রাজা রামমোহনের গান - শ্রী অভিজিৎ দাস
মহর্ষি দেবেন্দ্রনাথের গান - শ্রী কৌশিক দে

৭ই মাঘ, বৃহস্পতিবার ঃ ২২শে জানুয়ারী, ২০১১
অপরাহ্ন ৪-৩০ টাঃ **বালক বালিকা সম্মেলন**
প্রার্থনা ঃ স্মরণ্য বন্দ্যোপাধ্যায়
সঙ্গীত ঃ সমবেত
পরিচালনা ঃ শ্রীমতী কমলিকা বন্দ্যোপাধ্যায়
বিচিত্রানুষ্ঠান ঃ নৃত্য-গীত- আবৃত্তি

৮ই মাঘ, রবিবার ঃ ২৩শে জানুয়ারী, ২০১১
সকাল ১০-০০টা ঃ সম্মিলিত যুব উৎসব
স্থান ঃ সাধারণ ব্রাহ্ম সমাজ

**কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫০তম জন্মবর্ষ উপলক্ষে**
সন্ধ্যা ৬-৩০ টা ঃ রবীন্দ্রনাথের ব্রহ্মসঙ্গীত
প্রার্থনা ঃ শ্রীমতী সুনন্দিতা সেনগুপ্ত
সঙ্গীত ঃ "পান্থ"
পরিচালনা ঃ শ্রীমতী কবিতা বন্দ্যোপাধ্যায়

১০ই মাঘ, মঙ্গলবার ঃ ২৫শে জানুয়ারী, ২০১১
সন্ধ্যা ৬-৩০ টা ঃ **১১ই মাঘের প্রস্তুতি**
আচার্য ঃ শ্রীমতী সুতপা রায়চৌধুরী
সঙ্গীত ঃ শ্রীযশোপ্রকাশ চ্যাটার্জী
শ্রীমতী ঈপ্সিতা দাস গুপ্ত
শ্রীঅনিরুদ্ধ রক্ষিত
ও শ্রীমতী রেবেকা রক্ষিত

**১১ই মাঘ, বুধবারঃ ২৬শে জানুয়ারী, ২০১১**
**।। ব্রহ্মমন্দির প্রতিষ্ঠা দিবস ।।**

সকাল ৮-৩০ টা ঃ ব্রহ্মোপাসনা
আচার্য ঃ শ্রীপ্রণব রায়
সঙ্গীত ঃ শ্রীমতী চন্দনা চ্যাটার্জী
শ্রীমতী মানসী চ্যাটার্জী
শ্রীমতী অনন্যা চ্যাটার্জী
শ্রীমতী মৌসুমী চ্যাটার্জী
শ্রীমতী কস্তুরী চক্রবর্ত্তী
শ্রীসৌরভ চ্যাটার্জী
শ্রীদেবাশিস বসু

জোড়াসাঁকো মহর্ষিভবনে সম্মিলিত মাঘোৎসব
সন্ধ্যা ৫-৩০টা ঃ উপাসনা ও সঙ্গীত
পর্যায় ঃ আচার্য
উদ্বোধন ঃ শ্রীসুপ্রিয় নন্দন
(সাধারণ ব্রাহ্ম সমাজ)
স্বাধ্যায় ঃ শ্রীসঞ্জীব মুখার্জি
(ব্রাহ্ম সম্মিলন সমাজ)
নিবেদন ও প্রার্থনা ঃ শ্রীঅমিত দাস
(ভারতবর্ষীয় ব্রহ্ম মন্দির)
সঙ্গীত ঃ বৈতানিক শিল্পী-গোষ্ঠী

সন্ধ্যা ৬-৩০টা ঃ **"দেশের জন্য প্রার্থনা ও দেশাত্মবোধক সঙ্গীত"**
প্রার্থনা ঃ ডঃ অমিতাভ খাস্তগীর
সঙ্গীত ঃ গীতবিতান
পরিচালনা ঃ শ্রীমতী রুমা দাসগুপ্ত

**১৩ই মাঘ, শুক্রবার ঃ ২৮শে জানুয়ারী, ২০১১**

সন্ধ্যা ৬-৩০টা ঃ **সঙ্গীতে উপাসনা**
প্রার্থনা ঃ শ্রী অধিরাজ দাসগুপ্ত
সঙ্গীত ঃ **নবীন শিল্পীবৃন্দ**
শ্রীমতী তানিয়া দাস
শ্রীমতী দেবীশ্রী দত্ত
শ্রীমৃনাল চৌধুরী
শ্রীসৈকত শেখরেশ্বর রায়

**১৪ই মাঘ, শনিবার ঃ ২৯শে জানুয়ারী, ২০১১**

সন্ধ্যা ৬-৩০টা ঃ **ব্রহ্মসঙ্গীতানুষ্ঠান**
প্রার্থনা ঃ শ্রীমতী সুজাতা ব্যানার্জী
**স্মরণ** ঃ **মালতী ঘোষাল**
**দেবব্রত বিশ্বাস**
**সুবিনয় রায়**
**অশোকতরু বন্দ্যোপাধ্যায়**
সঙ্গীত ঃ শ্রীমতী এনাক্ষী চ্যাটার্জী
শ্রীমতী অদিতি গুপ্ত
শ্রীসুরঞ্জন রায়
শ্রীআশিস ভট্টাচার্য

**১৫ই মাঘ, রবিবার ঃ ৩০শে জানুয়ারী, ২০১১**
**।। দিনব্যাপী উৎসব।।**

সকাল ৮-০০ টা ঃ **কীর্তন** ঃ শ্রীরাজকুমার বর্মন
সকাল ৮-৩০ টা ঃ **বৈতালিক**
৯-০০টা ঃ **ব্রহ্মোপাসনা**
আচার্য ঃ শ্রীসঞ্জীব মুখার্জি
সঙ্গীত ঃ ব্রাহ্মযুবজন
পরিচালনা ঃ শ্রীদেবাশীষ বসু
সন্ধ্যা ৬-৩০ টা ঃ **"শান্তিবাচন"**
আচার্য ঃ ডঃ মধুশ্রী ঘোষ
সঙ্গীত ঃ ব্রাহ্ম যুবজন
সঙ্গীত পরিচালনা ঃ শ্রীমতী শুক্লা দাসগুপ্ত

**২১শে মাঘ, শনিবার ঃ ৫ই ফেব্রুয়ারী, ২০১১**
**।। আনন্দমেলা।।**

অপরাহ্ন ৪-৩০ টা ঃ মেলার উদ্বোধন
উদ্বোধক ঃ শ্রীমতী চিত্রা পালচৌধুরী

উৎসবে সর্বসাধারনের উপস্থিতি কামনা করি / কার্য-কারণে অনুষ্ঠান সূচী পরিবর্তিত হইতে পারে।

## —ঃ বিশেষ জ্ঞাতব্য ঃ—

### ১। শত-বার্ষিকী স্মারক গ্রন্থ ও স্মারক-খাম ঃ

সমাজের শত-বার্ষিকী উপলক্ষে একটি 'শত-বার্ষিকী স্মারকগ্রন্থ' প্রকাশ করা হইয়াছে। বহু সুধীবৃন্দের প্রবন্ধ ইত্যাদি,রবীন্দ্র-রচনার ইংরাজী অনুবাদ সম্বলিত এই স্মরক-গ্রন্থ প্রশংসাধন্য ও নিজস্ব পাঠাগারে সংরক্ষণ ও প্রীতি-উপহার দিবার যোগ্য; মূল্য ২৫ টাকা। শত-বার্ষিকী স্মারক-খাম (Special Postal Cover) স্মারক-স্বরূপ সংগ্রহ ও প্রীতি-উপহার দিবার যোগ্য; মূল্য ৭ টাকা। সমাজ প্রকাশিত 'ব্রাহ্মধর্মের উৎস থেকে মোহানায়'- মূল্য ৪০০ টাকা।

### ২। বালক-বালিকা সম্মেলন ঃ

বালক-বালিকা সম্মেলনে বিচিত্রানুষ্ঠানে (সঙ্গীত, নৃত্য, আবৃত্তি) অংশ গ্রহণের জন্য ছোট্ট বন্ধুদের (১২ বছর বয়স পর্যন্ত) সাদর আহ্বান জানাচ্ছি। ইচ্ছুক ও উৎসাহী ছোট্ট বন্ধুরা এখনই শ্রীমতী কমলিকা ব্যানার্জীর সঙ্গে দূরভাষে (2476 4697) যোগাযোগ করো। এবারও কিন্তু অনেক মজার মজার অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে ছোট বড় সকলের জন্য। সুতরাং তোমরা যোগদান না করলে বা উপস্থিত না হলে কিন্তু এই মজার সুযোগ হারাবে। এই সঙ্গে জানাই, ছোট্ট বন্ধুরা দুটি গান — 'ছোট্ট শিশু মোরা' আর 'আগুনের পরশমণি' বাড়িতে শিখে আসবে। সেদিন সকলের সঙ্গে তোমাদের গাইতে হবে।

আশাকরি এই অনুষ্ঠানটি সর্বাঙ্গসুন্দর করতে অভিভাবকরা সবরকমে আমাদের সাহায্য করবেন। নির্ধারিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠান পরিচালিত হবে। প্রীতি উপহার ও জলযোগে আনন্দানুষ্ঠানের সমাপ্তি।

### ৩। আনন্দ-মেলা ঃ

এই বৎসর সমাজে আয়োজিত "আনন্দ-মেলার" ৫৯ তম উৎসব। উৎসবের অনুষ্ঠান-সূচী অনুযায়ী এই বৎসরও আনন্দ-মেলার বিশেষ আয়োজন করা হইতেছে। এই বিষয়ে সকলের সক্রিয় সহযোগিতা কামনা করি। নির্মল আনন্দলাভ ও পরস্পরের সহিত মিলিত হইবার উপযুক্ত ক্ষেত্র এই আনন্দ-মেলা। সমাজের অন্যতম সদস্য ও শুভানুধ্যায়ী শ্রীমতী নয়নতারা পালচৌধুরী ও শ্রীমতী স্বতা ভিমানী উৎসাহ সহকারে এই আনন্দ-মেলার বিশেষ আয়োজন করিবার দায়িত্ব গ্রহণ করিয়াছেন।

নবীন ও প্রবীনদের জন্য যথাযোগ্য খেলাধূলা, উপহার বিপণী (Gift Stall), সমাজ প্রকাশিত পুস্তক বিপণী ইত্যাদি এবং নানাবিধ রসনাতৃপ্তিকর খাদ্যদ্রব্য, সমাজের বিভিন্ন প্রতিষ্ঠানের অভিজ্ঞ কারুশিল্পীদের নির্মিত নানাবিধ হস্তশিল্প ও দ্রব্যাদির আয়োজন থাকিবে।

ছোটদের প্রিয় উপহার-বিপণীতে (Gift Stall) বিক্রয়ের জন্য মনোহর দ্রব্যাদি অথবা অর্থ দান করিয়া সাহায্য করুন। এই বিপণীর প্রতি ছোটরা বিশেষ আগ্রহী। গৃহে প্রস্তুত খাদ্য-সামগ্রী বিক্রয়ের জন্য দান করিতে চাহিলে সানন্দে গ্রহণ করা হইবে। কে কি খাদ্যদ্রব্য দান করিবেন তাহা ১লা ফেব্রুয়ারীর মধ্যে জানাইলে আমাদের কার্যের সুবিধা হইবে।

এই বৎসব আনন্দ-মেলার ৫৯ বৎসর পূর্তি উপলক্ষে এই বিশেষ আনন্দানুষ্ঠানে আমরা পূর্বাপেক্ষা অধিক সংখ্যক শুভানুধ্যায়ী/সদস্য-সমাবেশের প্রত্যাশা করি। আন্তরিক অনুরোধ, আপনারা সকলে সপরিবারে ও সবান্ধবে এই আনন্দ-মেলায় যোগদান করিয়া নির্মল আনন্দলাভ করিবেন ও আমাদের প্রচেষ্টাকে উৎসাহিত করিবেন। আপনাদের সকলের উপস্থিতি এই আনন্দ-দায়ক অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করিবে। সংগৃহীত অর্থ সমাজের বিভিন্ন দাতব্য প্রতিষ্ঠানে প্রদান করা হইবে।

### ৪। প্রীতিভোজ ঃ

প্রতি বৎসরের ন্যায় যথারীতি দিনব্যাপী উৎসবের দিনে প্রাতঃকালীন উপাসনাদির শেষে সকলে মিলিয়া প্রেমান্ন গ্রহণের ব্যবস্থা হইতেছে। ইহা ব্যতীত, বালক-বালিকা সম্মেলন ও শান্তিবাচনে যথারীতি মধ্যাহ্ন ও সান্ধ্য ভোজের ব্যবস্থা থাকিবে।

### ৫। উৎসবের চাঁদা ঃ

প্রতি বৎসর অতিরিক্ত ব্যয়ভার এবং সর্বস্তরে ক্রমবর্ধমান মূল্যবৃদ্ধির জন্য উৎসব পরিচালনার ব্যয় বৃদ্ধি পাইয়াছে। উৎসবের এই বিপুল ব্যয়ভার আপনাদের মুক্তহস্ত দানের উপর নির্ভরশীল। আমাদের বিনীত অনুরোধ এই জন্যে প্রয়োজনীয় চাউল, সব্জি, মসলা, তেল-ঘী ইত্যাদির মূল্য এবং অনুষঙ্গিক ব্যয়ের জন্য সাধ্যমত দান করুন। উৎসবে আপনার দেয় চাঁদা/দান বিগত বৎসরের তুলনায় যথাযোগ্য বৃদ্ধি করিলে বাধিত হইব।

এই মাঘোৎসব সর্বাঙ্গ সুন্দর ও সফল করিবার জন্য সকল সদস্য ও শুভানুধ্যায়ীদের সক্রিয় সহযোগিতা, সাহায্য ও সবান্ধব যোগদান কামনা করি। অনুষ্ঠানগুলিতে সবান্ধবে উপস্থিত হইয়া উৎসবকে প্রাণবন্ত এবং আমন্ত্রিত অংশগ্রহণকারী ও সংগঠকদের উৎসাহিত করুন, এই প্রার্থনা জানাই।

---

**Look out for Samaj site : www.thebrahmosamaj.org/samajes/sammilan.html**

---

লেখক-লেখিকার নিজস্ব মতামতের জন্য সমাজ ও সম্পাদক-মণ্ডলী কোনক্রমে দায়ী নহেন।

Editorial Board : Sm Sunanda Das, Dr. Madhusree Ghosh, Dr. Kalyansri Das Gupta and Sri Sanjib Mukherjee. Printed and Published by Sri Prabir Ranjan Das Gupta on behalf of Brahmo Sammilan Samaj, 1A, Dr Rajendra Road, Kolkata-700 020 and Printed at Bhowanipur Art Press, 80, Ashutosh Mukherjee Road, Kolkata-700 025 and Published from Kolkata. Editor : Dr. Madhusree Ghosh.

Date of Publication : 1st January, 2011